



পারমাণবিক খাতে সহযোগিতা জোরদার করবে ঢাকা-মস্কো



সংগৃহীত ছবি

বাংলাদেশের দীর্ঘমেয়াদি জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে পারমাণবিক খাতে সহযোগিতা আরও বিস্তৃত করার বিষয়ে একমত হয়েছে বাংলাদেশ ও রাশিয়া। এ লক্ষ্যে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের কাজ দ্রুত এগিয়ে নেওয়ার ওপর গুরুত্বারোপ করেছে দুই পক্ষ।

মঙ্গলবার (৯ জুন) মস্কোতে রোসাটমের মহাপরিচালক আলেক্সেই লিখাচেভের সঙ্গে বৈঠক করেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। আলোচনায় রূপপুর প্রকল্পের বর্তমান অবস্থা, ভবিষ্যৎ সহযোগিতা এবং পারমাণবিক জ্বালানি খাতের সম্ভাবনা উঠে আসে।

পররাষ্ট্রমন্ত্রী বলেন, রূপপুর প্রকল্প দেশের বিদ্যুৎ উৎপাদন সক্ষমতা বাড়ানোর পাশাপাশি অর্থনৈতিক স্থিতিশীলতা অর্জনেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তিনি জানান, প্রথম ইউনিটে পারমাণবিক জ্বালানি স্থাপনের কাজ সফলভাবে শেষ হয়েছে এবং এখন উৎপাদন কার্যক্রম শুরুর প্রস্তুতি চলছে। জবাবে রোসাটম জানায়, প্রথম ইউনিটকে দ্রুত জাতীয় গ্রিডে যুক্ত করার পাশাপাশি দ্বিতীয় ইউনিট চালুর কাজও নির্ধারিত সময়ের মধ্যেই এগিয়ে নেওয়া হচ্ছে।

বৈঠকে ক্ষুদ্র মডুলার রিয়াক্টর প্রযুক্তি, ভাসমান পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের সম্ভাবনা এবং বাংলাদেশি বিশেষজ্ঞদের প্রশিক্ষণ সম্প্রসারণ নিয়েও আলোচনা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস দেয় রুশ পক্ষ।